ডাক (১০) | অফিস ব্যবস্থাপনা

श्लाप्तलाव वर्गाङ्गारी angladesh

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার বিভাগ



www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭১.২৩.৬০

তারিখ: ১০ মাঘ ১৪৩০

২৪ জানুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৪৯৯৪/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত

বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঞ্চিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৯৯৪/২০২৩-এর ২৮/১১/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন ০৩নং ডোয়াইল ইউনিয়ন পরিষদের তহবিল হতে সাবেক ০৬ জন ইউপি সদস্যের বকেয়া সম্মানী ভাতা পরিশোধের বিষয়ে উক্ত ইউনিয়ন পরিষদের গত ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখের ডোইউপি/ সঃ জাঃ/২০২২-২৩/-৩১ সংখ্যক স্মারকে অপারগতা প্রকাশ করে সহকারী পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর বরাবর পত্র প্রেরণ করা হয়। ফলে পিটিশনার জনাব মোছাঃ আমিনা খাতুন গং সংক্ষুব্র হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৪৯৯৪/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগে শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, জেলা প্রশাসক, জামালপুর-কে ২নং এবং উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর-কে ৪নং প্রতিপক্ষসহ মোট ছয় জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪৯৯৪/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঞ্জিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8219/potrojariAttachmentRef/52619/0/2240)

২8-১-২০২8

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭১.২৩.৬০/১(৫)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

জেলা প্রশাসক

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ১০ মাঘ ১৪৩০ ২৪ জানুয়ারি ২০২৪

https://lgd.nothi.gov.bd

- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

White the same of the same of

48-2-4048

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)